মন্ত্রিপরিষদ বিভাগের জানুয়ারি ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **জানুয়ারি ২০১৬** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৬ ফেব্রুয়ারি ২০১৬**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৫	১৯০	৫৫
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯৩৯	৩২৫
মোট	**১,৫০৯**	**১,১২৯**	**৩৮০**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৯	১১	১৯	১৬	৫৫
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৫	৪২	১১৩	০৩	১৯৩*

* সুপারনিউমেরারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	২২-২৩ জানুয়ারি ২০১৬ মেয়াদে সরকারি সফরে সিলেট জেলা পরিদর্শন করেন।		
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
National Integrity Strategy Support Project	৫২৩.০০	৪৪৯.৪৪ (৮৫.৯৩%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	০১	০০	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য সম্প্রতি সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষা দল কর্তৃক ৪টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে ১টি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট ৩টি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	০০	০০	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৩২টি**	**৯৮৩.৫১৪**	**০৫**	**০০**	**৩২টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১৪	-	০১	-	-	১৩	০৭

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন কোষে স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ		Appendices of General Contract and Associated Contracts for Construction of Rooppur Nuclear Power Plant স্থান: মস্কো।	২৭-৩১ জানুয়ারি ২০১৬	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	একজন অতিরিক্ত সচিব
দুর্নীতি দমন কমিশন	১	আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এবং কাস্টমস আইন, ১৯৬৯	০৩-০৭ জানুয়ারি ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২০ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: এক জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার চারটি, মন্ত্রিসভা-বৈঠকে সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ৩০টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ১৮টি বাস্তবায়িত হয় এবং ১২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) জুলাই-ডিসেম্বর ২০১৫ মেয়াদে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্তসমূহের সূচি প্রণয়ন করা হয়।

(৪) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রিগণের বেতন ও অন্যান্য সুবিধা বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট আইনসমূহ সংশোধন সংক্রান্ত তিনটি পৃথক বিল [The President's (Remuneration and Privileges) (Amendment) Bill, 2016, The Prime Minister's (Remuneration and Privileges) (Amendment) Bill, 2016, এবং The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) (Amendment) Bill, 2016] ২৫ জানুয়ারি ২০১৬ তারিখ বাংলাদেশ জাতীয় সংসদে উত্থাপনের পর পরীক্ষাপূর্বক রিপোর্ট প্রদানের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'তে প্রেরণ করা হয়।

(৫) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MBF); ২০১৫-১৬ অর্থ-বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন ও উন্নয়ন); ২০১৬-১৭ অর্থ-বছরের বাজেট প্রাক্কলন ও পরবর্তী দুই অর্থ-বছরের প্রক্ষেপণ এবং ২০১৫-১৬ অর্থ-বছরের প্রথম কোয়ার্টারের ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন অনুমোদিত হয়।

(৬) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার ক্লিপিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ ক্লিপিংগুলি ছয়টি পত্র/ইউ.ও. নোটের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৭) বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস পে-কমিশন কর্তৃক দাখিলকৃত বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিসের সদস্যদের বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ-সুবিধাদি সংক্রান্ত প্রতিবেদন ২০১৫ বাস্তবায়নের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য একটি মন্ত্রিসভা কমিটি গঠন করা হয়।

(৮) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ডিসেম্বরের দ্বিতীয় পক্ষ ও জানুয়ারির প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯) ১৭ জানুয়ারি ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৯টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(১০) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ছয়টি পত্র জারি করা হয়।

(১১) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংক্রান্ত অন্যান্য বিষয়াবলি সম্পর্কিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) ই-মোবাইল কোর্ট বাস্তবায়নের লক্ষ্যে ট্রেইনার/মাস্টার ট্রেইনার পুল তৈরির লক্ষ্যে এটুআই কর্তৃক আয়োজিত TOT কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) ঝিনাইদহ জেলায় শৈলকুপা উপজেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার দৈনিক প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) সর্বাধিক সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনার জন্য জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা এবং জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা বরাবর অভিনন্দন পত্র প্রেরণ করা হয়।

(১৫) ই-মোবাইল কোর্ট সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সুপারিশসমূহের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) বঙ্গবন্ধু সেতুর ওপর দু'টি ভয়াবহ সড়ক দুর্ঘটনার পর নির্বাহী প্রকৌশলীর অসহযোগিতার কারণে উদ্ধার কাজ বিলম্বিত হওয়ার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, সেতু বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) চট্টগ্রাম জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়; সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান দখলদার সেনাবাহিনী এবং তাদের সহযোগী বাহিনী কর্তৃক যুদ্ধাপরাধ, গণহত্যা, হত্যা, ধর্ষণ, ধর্মান্তরিতকরণ, লুন্ঠন, অগ্নিসংযোগ ও অন্যান্য মানবতাবিরোধী অপরাধের তদন্ত কাজে সহায়তার জন্য তথ্য-উপাত্ত প্রেরণ সংক্রান্ত একটি পত্র সকল জেলা ম্যাজিস্ট্রেট বরাবর প্রেরণ করা হয়।

(১৯) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ১৪ জন, এফ.আর.টি ২১ জন, নথিভুক্তির জন্য ১৪২ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২০) বিভিন্ন আইনে ৯০ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২১) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ ডিসেম্বর ২০১৫ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(২২) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (সংশোধনী)-এর ধারা ২৭(২), ২৮(১) ও (২) এবং ৩৪ ধারা অনুযায়ী পৌরসভাসমূহের নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলরগণের শপথ অনুষ্ঠানসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।

(২৩) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয় ।

(২৪) জনাব মোঃ মঈন উদ্দিন, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৭ ডিসেম্বর ২০১৫ তারিখে কক্সবাজার জেলার রামু উপজেলা পরিদর্শন করেন; জনাব মো: মাকছুদুর রহমান পাটওয়ারী, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ০৪ ডিসেম্বর ২০১৫ তারিখে সিলেট জেলা পরিদর্শন করেন এবং জনাব মোঃ সাইদুর রহমান, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ০৩ ডিসেম্বর ২০১৫ তারিখে নীলফামারী জেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(২৫) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১২ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া যায়। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে চার জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২৬) ০৮-১৮ জানুয়ারি ২০১৬ মেয়াদে ‘বঙ্গবন্ধু গোল্ডকাপ আন্তর্জাতিক ফুটবল টুর্নামেন্ট’ আয়োজনে সহযোগিতা প্রদানের বিষয়ে জেলা প্রশাসক, যশোর ও বিভাগীয় কমিশনার, খুলনা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৭) জেলা প্রশাসনের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বসবাসরত বাসিন্দাদের স্থায়ী নাগরিকত্বের সনদপত্র প্রদানের বিষয়ে সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) মহাসড়কে অবৈধ স্থাপনা অপসারণে নির্দেশনা প্রদানের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) রেকর্ড রুমে সংরক্ষিত গুরুত্বপূর্ণ নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ এবং আরকাইভস্ ও গ্রন্থাগার অধিদপ্তরে প্রেরণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সিলেট, গোপালগঞ্জ, রংপুর ও চট্টগ্রাম সফর উপলক্ষে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাসিক বেতন ও অন্যান্য ফি সরকারের নির্দেশনা ব্যতিরেকে বর্ধিত হারে আদায়ের বিষয়ে সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) জেলা প্রশাসনের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে উপদেষ্টা নিয়োগের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) ‘শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২০১৬’ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) ২০১৫-১৬ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা প্রণয়ন করা হয় এবং নির্দেশিকা অনুযায়ী মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(৩৬) ২৭ ও ২৮ জানুয়ারি ২০১৬ তারিখে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৩৭) ২৪-২৭ জানুয়ারি ২০১৬ মেয়াদে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি বাস্তবায়নকারী কর্মকর্তা/কমচারীদের Training Need Analysis-এর তথ্য সংগ্রহের জন্য কুড়িগ্রাম জেলা সফর করা হয়।

(৩৮) ১৯-২০ জানুয়ারি ২০১৬ মেয়াদে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/চিহ্নিত প্রতিষ্ঠানের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ কাঠামোসমূহ মূল্যায়ন সংক্রান্ত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

(৩৯) অভিযোগ ব্যবস্থাপনা সেল গঠন সংক্রান্ত পরিপত্র সকল মন্ত্রণালয়/বিভাগে জারি করা হয়।

(৪০) লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ডেভেলপমেন্ট সম্পন্ন হয়েছে। এ পর্যন্ত সকল বইয়ের ডাটা এন্টির কাজ সম্পন্ন হয়।

(৪১) 'Improving Public Administration and Services Delivery through E- Solution-Improving GRS (Output-3)' শীর্ষক প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত হয়।

গ. আগামী দুই (ফেব্রুয়ারি-মার্চ) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৬) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৭) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(৮) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(৯) স্বাধীনতা পুরস্কার, ২০১৬-এর কার্যাবলি সম্পাদন।

(১০) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(১১) আগামী সচিব-সভায় টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (Sustainable Development Goals) ওপর একটি অবস্থানপত্র পেশ করা।

(মো: আবদুল্লাহ হারুন)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd